

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, মাদারীপুর

নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর : ০৫.৪১.৫৪০০.১২১.০৯.০৪৭.২২-৭০

তারিখঃ ০১-০৬-২০২২ খ্রি:

জেলা প্রশাসন, মাদারীপুর কর্তৃক পরিচালিত জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, মাদারীপুর এর নিম্নলিখিত পদসমূহের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বিষয়	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন-ভাতা
০১	অধ্যক্ষ	০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি/সমমান। উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/ উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও ভূক্ত হিসেবে কর্মরত অথবা এম.পি.ও ভূক্ত হিসেবে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক কলেজের জ্যেষ্ঠ প্রভাষক পদে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।	আলোচনা সাপেক্ষে
০২	সহকারী শিক্ষক ক. বাংলা খ. ইংরেজি গ. গণিত ঘ. বাংলাদেশ ও বিশ্ব পরিচয় ঙ. বিজ্ঞান ছ. ধর্ম ও নৈতিকতা	প্রতি বিষয়ে ০১ (এক) জন	সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণিতে ০৪ বছর মেয়াদি অনার্স / অনার্স সহ মাস্টার্স ডিগ্রি। ধর্মীয় শিক্ষকের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক। সকল বিষয়ের ক্ষেত্রে শিক্ষক নিবন্ধন ধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	আলোচনা সাপেক্ষে
০৩	সহকারী শিক্ষক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	০১ (এক) জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আই.সি.টি বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি।	আলোচনা সাপেক্ষে
০৪	অফিস সহকারী কাম হিসাব সহকারী	০১ (এক) জন	হিসাব বিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি	আলোচনা সাপেক্ষে

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীকে শিক্ষা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর বরাবর বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে আবেদন পত্র ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত তারিখের পরে প্রেরিত আবেদন পত্র গৃহীত হবে না।
- জেলা প্রশাসন, মাদারীপুর এর ওয়েবসাইট (www.madaripur.gov.bd) হতে ডাউনলোডকৃত আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের খামের উপর পদ ও বিষয়ের নাম স্পষ্ট করে লিখতে হবে। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদন পত্রের সাথে সোনালী ব্যাংক এর যেকোন শাখা থেকে জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, মাদারীপুর এর অনুকূলে ০১ থেকে ০৩ নং ক্রমিকের জন্য ১০০০/- (এক হাজার) টাকা এবং ০৪ নং ক্রমিকের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার একাউন্ট পেয়ী ব্যাংক ড্রাফট/পেমেন্ট অর্ডার সংযুক্ত করে দিতে হবে।
- কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের সার্বিক ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- যে কোন ধরনের তদবির/ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

জেলা প্রশাসক, মাদারীপুর

ও

সভাপতি

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, মাদারীপুর